

তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ৭৩/২০১৪

অভিযোগকারী : জনাব মোঃ রায়হান উদ্দিন
পিতা-রশিদ আহমদ
পশ্চিম এস এম পাড়া
৫ নং ওয়ার্ড, আলীর জাহান
কক্সবাজার।

প্রতিপক্ষ : জনাব আশিস কুমার দে
উপ-পরিচালক
ও
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
এন্ডারসন রোড, কক্সবাজার।

সিদ্ধান্তপত্র।

(তারিখ : ২৬-০৮-২০১৪ ইং)

অভিযোগকারী জনাব মোঃ রায়হান উদ্দিন, ০৫-০২-২০১৪ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে জনাব আশিস কুমার দে, উপ-পরিচালক ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, এন্ডারসন রোড, কক্সবাজার বরাবরে রেজিস্ট্রি ডাকযোগে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

১. উপজেলা কৃষি অফিস থেকে গত (২০১৩) এক বছরে কৃষকদের যে সব সেবা প্রদান করা হয়েছে তার তালিকা।
২. কৃষিক্ষেত্র বিতরণে সরকারী নীতিমালার কপি পেতে চাই। গত ২০১১-২০১২ অর্থবছরে কৃষিক্ষেত্র প্রাপ্তদের নামের তালিকা ও কৃষকদের প্রদত্ত ঋণের পরিমাণ সংক্রান্ত তথ্য।

০২। ডাকযোগে প্রেরিত তথ্য প্রাপ্তির আবেদনটি দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা প্রত্যাখ্যান করায় অভিযোগকারী ২৯-০৬-২০১৪ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন।

০৩। বিষয়টি কমিশনের ০৭-০৮-২০১৪ তারিখের সভায় আলোচনা করা হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী অভিযোগের বিষয়ে ২৬-০৮-২০১৪ তারিখ শুনানীর দিন ধার্য করে সংশ্লিষ্ট পক্ষগণের প্রতি সমন জারী করা হয়।

০৪। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) গরহাজির। অভিযোগকারী তথ্য কমিশন বরাবরে পত্র প্রেরণপূর্বক উল্লেখ করেন যে, তিনি প্রার্থীত তথ্য প্রাপ্ত হয়েছেন। বর্তমানে তার কোন অভিযোগ নেই বিধায় তিনি অভিযোগটি নিষ্পত্তি করার অনুরোধ জানিয়েছেন। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীকে তথ্য প্রদানপূর্বক তার অনুলিপি তথ্য কমিশনে প্রেরণ করেছেন।

পর্যালোচনা।

অভিযোগকারীর প্রেরিত লিখিত প্রমাণাদি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, অভিযোগকারীকে তার যাচিত তথ্যাদি সরবরাহ করা হয়েছে। অভিযোগকারী প্রার্থীত তথ্য প্রাপ্ত হয়েছেন এবং অভিযোগটি প্রত্যাহারের জন্য অনুরোধ জানিয়েছেন বিধায় অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

(অ:প্:দ্র:)

সিদ্ধান্ত।

যেহেতু, অভিযোগকারী প্রার্থিত তথ্য পেয়েছেন এবং অভিযোগটি প্রত্যাহার করার জন্য আবেদন করেছেন, সেহেতু, অভিযোগটি প্রত্যাহারের অনুমতি প্রদানসহ নিষ্পত্তি করা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত
(মোহাম্মদ ফারুক)
প্রধান তথ্য কমিশনার